চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-০৪ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চট্টগ্রাম বিভাগের কর্মকর্তাদের মতবিনিময়

চট্টগ্রাম নগরীকে মাদক মুক্ত মডেল নগরী হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরীর ৪১ টি ওয়ার্ডে কমিটি গঠন এবং জনমত গড়ার প্রত্যয়ে প্রতিনিয়ত সুধি সমাবেশ এর আয়োজন করছে। তারই ধারাবাহিকতায় ৪ এপ্রিল ২০১৮ খ্রি. বুধবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর চট্টগ্রাম বিভাগের অতিরিক্ত পরিচালক মোহাম্মদ মুজিবুর রহমান পাটোয়ারী, উপ পরিচালক শামিম আহমেদ, উপ পরিচালক শওকত ইসলাম সহ কর্মকর্তাবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা চট্টগ্রামকে মাদকমুক্ত নগরী গড়ার মেয়রের কার্যক্রমের সাথে সর্বাত্মকভাবে প্রশাসনিক ও আইনগত সহযোগিতা প্রদানের প্রত্যয় ঘোষনা করেন। এসময় মেয়র বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা মাদকমুক্ত বাংলাদেশ গড়ার যে প্রত্যয় ঘোষনা করেছেন তারই আলোকে চট্টগ্রামে মাদক নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও জঙ্গীবাদ নির্মূলে জনমত গঠন করা হচ্ছে। মেয়র তাঁর অঙ্গীকারের সাথে সরকারের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতা প্রত্যাশা করেন।

চট্টগ্রাম-০৪ এপ্রিল ২০১৮ খ্রি.

সিটি মেয়রের সাথে প্রেস মালিক সমিতির মতবিনিময় অফিস ঘর বরাদ্ধ

ঐতিহ্যবাহী চট্টগ্রামের মুদ্রণ শিল্পের সাথে কর্মসংস্থান এবং বৈদেশিক মুদ্রা অর্জণ সহ নানাদিক জড়িত। এ শিল্পের উন্নয়ন এবং কর্মসংস্থানের পরিধি আরো প্রসারের লক্ষ্যে চট্টগ্রাম প্রেস মালিক সমিতির নিজ□□ব কার্যালয় সহ তাদের উন্নয়ণ ও সমৃদ্ধির বিষয়গুলোকে সামনে রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নাগরিক সেবার নানা দিক সহ নান্দনিক তিলোত্তমা নগরী, পরিবেশ বান্ধব, বিশ্বমানের বাণিজ্যিক রাজধানী গড়ার প্রত্যয় বাস্তবায়নের লক্ষ্যে ৪ এপ্রিল ২০১৮ খ্রি. বুধবার, সকালে নগরভবনে মেয়র দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর মেয়র আ জ ম নাছির উদ্দীন চট্টগ্রাম এর বহুল প্রচারিত দৈনিক আজাদী'র সম্পাদক এম এ মালেক এবং চট্টগ্রাম প্রেস মালিক সমিতির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করেন। এসময় ২১ নং ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন,প্রধান রাজ□□ব

কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, চট্টগ্রাম প্রেস মালিক সমিতির সিনিয়র সহ সভাপতি সালেহ আহম্মদ, সহ সভাপতি আবুল কাশেম চৌধুরী, সিনিয়র যুগ্ম সম্পাদক লায়ন এম আইয়ুব, সাংগঠনিক সম্পাদক আবদুল মালেক, প্রচার ও প্রকাশনা সম্পাদক নুরুন নবী সবুজ সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন। মতবিনিময় শেষে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন প্রেস মালিক সমিতির সভাপতি ও দৈনিক আজাদীর সম্পাদক এম এ মালেক সহ প্রেস মালিক সমিতির নেতৃবৃন্দদের সাথে নিয়ে নগরভবন থেকে আন্দরকিল্লা সিটি কর্পোরেশন মার্কেটের ৩য় তলায় সরাসরি উপস্থিত হয়ে মার্কেট পরিদর্শন এবং প্রেস মালিক সমিতির জন্য বরাদ্ধকৃত কক্ষটি বুঝিয়ে দেন। মতবিনিময়কালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন ইতিহাস ও ঐতিহ্যের মুদ্রণ শিল্প থেকে শুরু করে চট্টগ্রাম এর সার্বিক অগ্রগতিতে প্রেস মালিক সমিতির ভূমিকার প্রশংসা করেন। তিনি আশা করেন, প্রেস মালিকবৃন্দ চট্টগ্রাম এর সার্বিক উন্নয়নে এবং চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সেবাধর্মী সকল কাজে সহযোগিতায় থাকবেন। মতবিনিময়ে দৈনিক আজাদীর সম্পাদক এবং প্রেস মালিক সমিতির সভাপতি এম এ মালেক প্রেসমালিক সমিতির জন্য অফিস কক্ষ বরাদ্ধ দেয়ায় তিনি মেয়রকে সাধুবাধ জানান। তিনি বলেন, চট্টগ্রামের ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি এগিয়ে নিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভূমিকা গুরুত্বপূর্ণ। চট্টগ্রামের মানুষের জীবন মান উন্নয়ন, ইতিহাস ও ঐতিহ্য লালন পালন, মাদকমুক্ত নগরী সর্বোপরি বিশ্বমানের বাণিজ্যিক নগরী হিসেবে চট্টগ্রাম গড়ে উঠলে দেশের ভাবমূর্তি আরো উজ্জল হবে। এ ক্ষেত্রে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভূমিকা গুরুত্বপূর্ণ। জনাব এম এ মালেক বন্দর নগরী চট্টগ্রাম এর প্রতি বিশ্ববাসীর সুদৃষ্টি প্রত্যাশা করে বলেন, মেয়রের ভিশন অনুযায়ী নান্দনিক নগরী গড়ে তোলা সম্ভব হলে চট্টগ্রামে ব্যবসা বাণিজ্য ও বিদেশী বিনিয়োগ উত্তোরত্তর বৃদ্ধি পাবে।

তিনি দলমত নির্বিশেষে সকল শ্রেনী ও পেশার নাগরিকদের চট্টগ্রামের স্বার্থে কাজ করার আহবান জানান। মতবিনময়ে চট্টগ্রাম প্রেস মালিক সমিতির সিনিয়র সহ সভাপতি সালেহ আহম্মদ বলেন, ভাষা আন্দোলন থেকে শুরু করে স্বাধীনতার অগ্নিঝড়া দিনগুলোতে ত্যাগ তিতিক্ষার মাধ্যমে প্রকাশ্য বা নিরবে স্বাধীনতার স্বপক্ষে প্রকাশ ও প্রচারনার আক্ষরিক ভূমিকা পালন করে আসছে এই চট্টগ্রাম প্রেস মালিক সমিতি। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে আসা শিক্ষিত কিছু যুবক তাদের চাকুরী বা অর্থ উপার্জনের মোহ ত্যাগ করে এই সংকুল পথ বেছে নিয়েছিল। সেই পথ ছিল কন্টকাকীর্ণ। আজ ৬৬ বছর পরেও তাদের ত্যাগের স্বীকৃতি আমরা দিতে পারি নাই। কিন্তু আজ আমি আনন্দিত আমাদের সতীর্থ চসিক মেয়র আমাদের এই অভাব পুরনে সহযোগিতার হাত বাড়িয়েছে। তার জন্য আমার অন্তরের অন্তস্থল থেকে মোবারকবাদ ও তার উত্তোরত্তর সফলতার জন্য করুনাময়ের দরবারে দোয়া করছি। প্রেস মালিক সমিতির সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক লায়ন এম

আইয়ুব বলেন চট্টগ্রাম আন্দরিকল্লা প্রেস পাড়ায় বেড়ে উঠা সেই কিশোর আজ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র। যার ভালোবাসার একটি অংশ চট্টগ্রাম প্রেস, কারন তিনি নিজেও একজন প্রেস মালিক। যার কারনে অতি সহজে বুঝতে পেরেছেন আমাদের হৃদয়ের মর্ম বেদনা। এই সমিতির জন্য আমি নিজে আমার পূর্বসুরিদের অনুসরণে একটি স্থায়ী ঠিকানা করার জোর প্রচেষ্টা চালিয়ে আসছিলাম সেই কাংখিত লক্ষ অর্জনকে সহক করে দিয়েছেন আমাদের মেয়র। এই সহযোগিতার জন্য আমি উনার কাছে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপণ করছি। মাননীয় মেয়রের এই বদান্যতা আমাদের কার্যক্রমকে আরও প্রসারিত ও গতিশীল করবে। মুদ্রণশিল্পের বিকাশ ও স্বকীয়তা রক্ষার অগ্রযাত্রায় ভবিষ্যতেও আমাদের পাশে পাবো বলেই আমাদের বিশ্বাস।

চট্টগ্রাম- ০৪ এপ্রিল ২০১৮ খ্রি.

চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার এর নেতৃত্বে ০৪ এপ্রিল ২০১৮ খ্রি. বুধবার, সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর শুলকবহর সিডিএ এভিনিউ সড়কের পাশে ফুটপাত ও নালা অবৈধভাবে দখল করে দোকানের কাঠ সহ বিভিন্ন মালামাল স্তুপ করে জনদূর্ভোগ সৃষ্টির দায়ে নিউ কোয়ালিটি টিম্বারকে ১০ হাজার টাকা, মেসার্স মনজুর আলম টিম্বারকে ১০ হাজার টাকা ও আজিজুল্লাহ শাহ টিম্বারকে ৫ হাজার টাকা সহ মোট ২৫হাজার টাকা জরিমানা আদায় করা হয়।
অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম-৪ এপ্রিল ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পেলেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী অফিসিয়াল কাজে বিদেশে অবস্থান কালীন সময়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী মো. মাহফুজুল হক ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলীর দায়িত্ব পালন করবেন। এ বিষয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্মারক নং-৪৬.১১.১৬০০.০০১.৩১.১১৬.১৮-৩২৪ তারিখ ২৯-০৩-২০১৮ অফিস আদেশ জারী করা হয়েছে। গত ২৮ মার্চ ২০১৮ খ্রি. তারিখ হতে এ আদেশ কার্যকর হয়েছে। প্রধান প্রকৌশলী ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্মস্থলে যোগদান না করা পর্যন্ত তিনি এই দায়িত্বে থাকবেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন